অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/12/2024 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেট টানা চতুর্থ বছরের মতো সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মধ্যে 30% ব্যবসা প্রতিষ্ঠানকে কাজে লাগানোর লক্ষ্য অতিক্রম করেছে বলে গভর্নর HOCHUL (হোকল) এর ঘোষণা

বর্তমানে দেশের মধ্যে নেতৃস্থানীয় 32.21% কাজে লাগানোর হার MWBE-গুলোকে প্রদান করা আনুমানিক 3 বিলিয়ন ডলারের সরকারি কন্ট্রাক্টগুলোর প্রতিনিধিত্ব করে

14তম বার্ষিক ফোরামে আনুষ্ঠানিক NYS MWBE সার্টিফাইড ডিক্যাল উন্মোচন করা হয়েছে যার প্রতিপাদ্য হলো "আমাদের ভবিষ্যতকে সুদৃঢ় করা: MWBE-গুলোর জন্য সুযোগ-সুবিধা সম্প্রসারণ করার একটি অঙ্গীকার"

2024 সালের সম্পূর্ণ বার্ষিক রিপোর্ট পড়ুন; নতুন NYS MWBE সার্টিফাইড ডিক্যাল দেখুন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট টানা চতুর্থ বছরের মতো, অর্থাৎ Hochul (হোকল) প্রশাসন দায়িত্ব গ্রহণ করার পর থেকে প্রত্যেক বছর, সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোর মধ্যে 30 শতাংশ ব্যবসা প্রতিষ্ঠানকে কাজে লাগানোর লক্ষ্য অতিক্রম করেছে। এবছরের 32.21 শতাংশ কাজে লাগানোর হার 2023-24 অর্থবছরে সার্টিফাইড MWBE-গুলোকে আনুমানিক 3 বিলিয়ন ডলারের সরকারি কন্ট্রাক্ট প্রদান করার প্রতিনিধিত্ব করে, এবং গভর্নর হোকল দায়িত্ব গ্রহণ করার পর থেকে এই পরিমাণ আনুমানিক 12 বিলিয়ন ডলার। আলবানিতে অনুষ্ঠিত হওয়া 14তম বার্ষিক নিউ ইয়র্ক স্টেট MWBE কনফারেন্স ফোরামে গভর্নর এই ঘোষণা প্রদান করেছেন এবং একটি নতুন MWBE সার্টিফাইড ডিক্যাল উন্মোচন করেছেন।

"গভর্নর হিসেবে দায়িত্ব গ্রহণ করার পর থেকে, আমার প্রশাসন সব নিউ ইয়র্কবাসীকে উপকৃত করবে এমন একটি অর্থনৈতিক এজেন্ডাকে সমর্থন করে আসছে এবং সেই লক্ষ্য অর্জনের ক্ষেত্রে আমরা যে অগ্রগতি অর্জন করেছি তা এবছরের কাজে লাগানোর হার থেকে দেখা যাচ্ছে," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "আমাদের আরো অনেক কাজ বাকি আছে, কিন্তু বৈচিত্র্য হলো নিউ ইয়র্কের সবচেয়ে বড় শক্তি এবং আমাদের কমিউনিটিগুলো আমাদের সবচেয়ে বড় কণ্ঠস্বর – একসঙ্গে আমরা আরো বেশি ন্যায্য, আরো বেশি শক্তিশালী ও বৈচিত্র্যপূর্ণ অর্থনীতিকে সমর্থন করা দেশের-নেতৃস্থানীয় কর্মসূচি ও নীতিমালার প্রসার ঘটানো অব্যাহত রাখবো।"

স্টেট যে কাজে লাগানোর হারের লক্ষ্য অতিক্রম করেছে সে বিষয়টি ঘোষণা করার পাশাপাশি গভর্নর হোকল একটি নতুন NYS MWBE সার্টিফাইড ডিক্যালও উন্মোচন করেছেন, যেটি স্টেটের MWBE সার্টিফিকেশন কর্মসূচি (MWBE Certification Program) কর্তৃক সার্টিফিকেশন পাওয়া MWBE-গুলোর আনুষ্ঠানিক স্বীকৃতি হিসেবে বিবেচ্য হবে। এই চিহ্ন MWBE-এর সমৃদ্ধিকে সামনে এগিয়ে নিয়ে যাওয়া, স্টেট কন্ট্রাক্টের ক্ষেত্রে সমতা বৃদ্ধি করা এবং আমাদের অর্থনীতির মধ্যে বৈচিত্র্য বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্ক স্টেটের অব্যাহত অঙ্গীকারাবদ্ধতাকে প্রতিফলিত করে।

নিউ ইয়র্ক স্টেটের প্রতিযোগিতামূলক অর্থনীতিতে MWBE-গুলোর বেড়ে উঠা ও সমৃদ্ধি অর্জন করার সময়ে এই নতুন MWBE সার্টিফাইড ডিক্যাল সেগুলোকে উল্লেখযোগ্য সংখ্যক সুফল প্রদান করবে। এসব সুফলের মধ্যে MWBE-এর দৃষ্টিগোচরতা বৃদ্ধি করতে সাহায্য করা এবং এর মাধ্যমে ক্ষুদ্র ব্যবসাগুলোকে নিজেদেরকে আলাদাভাবে উপস্থাপন করতে সাহায্য করা অন্তর্ভুক্ত রয়েছে। এছাড়া নিজেদের প্রকল্পে বৈচিত্র্য ও সমতাকে অগ্রাধিকার দেয় এমন সরকারি ও বেসরকারি খাতের সত্ত্বাগুলোর কাছ থেকে কন্ট্রাক্ট পাওয়ার সম্ভাব্য সুযোগের ক্ষেত্রে এটি MWBE-গুলোকে ইতিবাচক অবস্থানে রাখবে। এর ফলে এমন কন্ট্রাক্ট পাওয়ার সুযোগ তৈরি হতে পারে যেগুলো ব্যবসায়িক সফলতার উন্নতি করবে। এছাড়া নিজেদের উদ্যোগগুলোতে MWBE-গুলোর অংশগ্রহণ কামনা করা অর্থপূর্ণ সরকারি-বেসরকারি অংশীদারিত্বগুলোকেও এই ডিক্যাল সহায়তা করতে পারবে।

এই ডিক্যাল MWBE-গুলোর জন্য একটি শক্তিশালী ও আকর্ষণীয় বিপণনের হাতিয়ার এবং তাদের ব্যবসায়িক পরিষেবা, সক্ষমতা ও সার্টিফিকেশনকে সুযোগ-সুবিধার ক্ষেত্রে কাজে লাগানোর জন্য ব্যবহার করা যাবে। MWBE-গুলো নিজেদের ওয়েবসাইট, সোশ্যাল মিডিয়াল চ্যানেল, বিপণনের উপকরণ এবং অন্যান্য মাধ্যম ব্যবহার করে ডিজিটাল উপায়ে এবং খুচরা পণ্য বিক্রয়ের ইট-পাথরের দোকানগুলোতে ভৌতভাবে MWBE সার্টিফাইড ডিক্যাল প্রদর্শন করার সুযোগ পাবে। 1 জানুয়ারি, 2025 তারিখের পর থেকে সব NYS MWBE সার্টিফাইড ফার্মের ডাউনলোড করার জন্য এই ডিজিটাল MWBE সার্টিফাইড ডিক্যাল লভ্য হবে এবং ফিজিক্যাল ডিক্যালের জন্য অনুরোধ করার জন্য একটি অর্ডার ফরম লভ্য থাকবে। সব NYS MWBE সার্টিফাইড ফার্মের কাছে ইমেইলের মাধ্যমে বিজ্ঞপ্তি পাঠানো হবে।

চিফ ডাইভার্সিটি অফিসার Julissa Gutierrez (জুলিসা গিউটিরেজ) বলেন, "MWBE-গুলোর প্রতি নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতা, যা গভর্নর হোকল সমর্থন করেন, একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতির জন্য আমাদের রূপকল্পকে প্রতিফলিত করে যেখানে সুযোগ-সুবিধা সবার নাগালের মধ্যে থাকবে। আমাদের কাজে লাগানোর লক্ষ্য অতিক্রম করা এবং MWBE সার্টিফাইড ডিক্যালের মতো হাতিয়ারগুলো উন্মোচন করার মাধ্যমে আমরা এমন একটি পরিবেশ তৈরি করছি যেখানে সংখ্যালঘু ও মহিলাদের-মালিকানাধীন ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে দেখা যায়, সমর্থন করা হয় এবং সমৃদ্ধি অর্জনের জন্য ক্ষমতায়ন করা হয়।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল) এর নেতৃত্বে, আমরা আরো বেশি ন্যায্য, আরো বেশি শক্তিশালী ও বৈচিত্র্যপূর্ণ অর্থনীতিকে সমর্থন করা দেশের-নেতৃস্থানীয় কর্মসূচি ও নীতিমালার প্রসার ঘটানো অব্যাহত রাখবো এই ফোরামে কয়েক শতাধিক

MWBE-কে একসঙ্গে নিয়ে আসা, আমাদের কাজে লাগানোর লক্ষ্যমাত্রাকে ছাড়িয়ে যাওয়া এবং সার্টিফিকেশন পেতে চাওয়া অথবা ইতোমধ্যে সার্টিফাইড হয়ে যাওয়া কোম্পানিগুলোর চাহিদাগুলোর ব্যাপারে প্রতিক্রিয়াশীল হওয়া এমন একটি ইতিবাচক পরিবেশ তৈরি করে যেখানে বৈচিত্র্যপূর্ণ ব্যবসা প্রতিষ্ঠানগুলো সমৃদ্ধি অর্জন করে, সমগ্র কমিউনিটি উপকৃত হয় এবং অর্থনীতি আরো বেশি শক্তিশালী এবং আরো বেশি মজবুত হয়ে বেড়ে উঠে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ডিভিশন অব মাইনরিটি এন্ড উইমেন'স বিজনেস ডেভেলপমেন্টের এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট এবং এক্সিকিউটিভ ডিরেক্টর Jason M. Clark (জ্যাসন এম. ক্লার্ক) বলেন, "গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং ESD-এর কমিশনার হোম নাইটের নেতৃত্বে, আমরা অল্প সময়ের মধ্যে কিছু উল্লেখযোগ্য মাইলফলকে পৌঁছে গেছি। আমরা MWBE সার্টিফিকেশনের কাজ জমে থাকার বিষয়টি দূর করেছি, সার্টিফিকেশন প্রক্রিয়ার ব্যাপক উন্নতি করেছি এবং 2021 সাল থেকে, MWBE-গুলোকে আনুমানিক 12 বিলিয়ন ডলারের স্টেট কন্ট্রাক্ট প্রদান করা হয়েছে। আরো অনেক কাজ বাকি থাকলেও, আমরা ঐতিহাসিক কাল থেকে প্রান্তিক পর্যায়ে থাকা লোকদের জন্য পথ সৃষ্টি করছি এবং এমন একটি অর্থনৈতিক বাস্তুসংস্থান তৈরি করতে অবদান রাখছি যেখানে সব নিউ ইয়র্কবাসীকে মূল্য দেওয়া হবে।"

1988 সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই, অর্থনৈতিক সুযোগ-সুবিধা সম্প্রসারণ করা এবং বৈচিত্র্যপূর্ণ ব্যবসায়িক সমৃদ্ধিকে সমর্থন করা, MWBE-গুলোকে তাদের সফলতা অর্জনের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ দক্ষতা, সংস্থান ও সংযোগসমূহ প্রদান করার ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের MWBE কর্মসূচি জাতীয় পর্যায়ে আদর্শ হয়ে আছে।

বার্ষিক NYS MWBE ফোরাম অভিজ্ঞতার মাত্রা নির্বিশেষে সব উদ্যোক্তার জন্য উপযুক্ত তথ্য ও সংস্থানসমূহ প্রদান করার মাধ্যমে নতুন ও প্রতিষ্ঠিত উভয় ধরনের ব্যবসা প্রতিষ্ঠানের জন্য কাজ করে থাকে। এবছরের প্রতিপাদ্য হলো "আমাদের ভবিষ্যতেকে সুদৃঢ় করা: MWBE-গুলোর জন্য সুযোগ-সুবিধা সম্প্রসারণ করার একটি অঙ্গীকার" এবং প্যানেল আলোচনা ও কর্মশালার পাশাপাশি সেখানে সার্টিফাইড MWBE-সমূহ, নিউ ইয়র্কের স্টেট সংস্থাগুলো, প্রধান কন্ট্রাক্টরদের ও বেসরকারি কোম্পানিগুলোর মধ্যে নেটওয়ার্কিংয়ের সুযোগ কাজে লাগানোর ব্যবস্থা করা হয়েছিল।

ফোরামের প্যানেল আলোচনাগুলোতে মেগা প্রকল্পগুলোর কন্ট্রাক্ট, বিবেচনামূলক সুযোগ-সুবিধা এবং সংস্থার মূলধনী পরিকল্পনা সহ বিভিন্ন বিষয় কভার করা হয়েছে। কর্মশালাগুলোতে মূলধনের অ্যাক্সেস পাওয়া, কন্ট্রাক্ট সংক্রান্ত প্রতিযোগিতার কৌশলসমূহ, সার্টিফিকেশন প্রক্রিয়ার দিকনির্দেশনা, খুচরা বিক্রয় ও প্রযুক্তি সংক্রান্ত সুযোগ-সুবিধা এবং প্রশিক্ষণ কর্মসূচিসমূহ যেমন বিজনেস গ্রোথ অ্যাক্সিলারেটর (Business Growth Accelerator) ইত্যাদির প্রতি মনোযোগ দেওয়া হয়েছে।

আজকের ঘোষণা নিউ ইয়র্কের MWBE-গুলোকে শক্তিশালী করে তোলার জন্য গভর্নর Hochul (হোকল) এর বৃহত্তর প্রচেষ্টাকে অব্যাহত রেখেছে। গত বছর, গভর্নর MWBE সার্টিফিকেশনের কাজ জমে থাকার দীর্ঘ দিন ধরে চলে আসা সমস্যাটি দূর করার ঘোষণা দিয়েছিলেন। 2022 সালে, এই কর্মসূচির মধ্যে জালিয়াতি ও অপব্যবহার কমিয়ে আনার লক্ষ্যে আইন স্বাক্ষর

করেছিলেন, ব্যবসা প্রতিষ্ঠানগুলোকে বিদ্যমান ঋণের পুনরায় অর্থায়নের জন্য MWBE-এর উন্নয়ন ও ঋণ প্রদান কর্মসূচির তহবিল ব্যবহার করার অনুমতি দিয়েছিলেন এবং কোনো আনুষ্ঠানিক প্রতিযোগিতামূলক প্রক্রিয়া ছাড়াই MWBE-গুলোকে সর্বোচ্চ 1.5 মিলিয়ন ডলারের কন্ট্রাক্ট প্রদান করার জন্য নিউ ইয়র্ক সিটিকে অনুমোদন দিয়েছিলেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন